দুরালাপনী ঃ +৮৮ ০২৩৩৩৩২৩৮০১-৮০৪
Website: www.cnfctg.org, www.cnfctg.net
E-mail: cnfctg@gmail.com, cnfctg@yahoo.com

# চট্টগ্রাম কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন

## CHATTOGRAM CUSTOMS AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আগ্রাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম-৪১০০

প্রচার পত্র নং- ৪৪/২০২৬ তারিখ: ১৩/০৭/২০২৬ খ্রি.

সম্মানিত সদস্যবৃন্দের প্রতি,

# ভয়াবহ বন্যায় আক্রান্ত মানুষদের পাশে দাঁড়ানোর মানবিক আহবান

সাম্প্রতিক প্রবল ভারী বর্ষণ ও পাহাড়ি ঢলের কারণে চট্টগ্রাম বিভাগের পটিয়া, সাতকানিয়া, চন্দনাইশ, বাঁশখালী, লোহাগাড়া, চকরিয়া, কক্সবাজার, বান্দরবন, রাউজান, রাঙ্গুনিয়া, ফটিকছড়ি, হাটহাজারীসহ বেশ কয়েকটি এলাকা স্মরণকালে ভয়াবহ বন্যায় কবলিত হয়েছে। আকস্মিক বন্যায় প্রচন্ড পানির তোড়ে তলিয়ে গেছে অসংখ্য ঘরবাড়ি, দোকানপাট ও ফসলী জমি। ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছে বসতবাড়ি, কৃষি জমি, গবাদি পশু, পুকুরের মাছসহ জীবিকা নির্বাহের অবলম্বন। নিরাপদ আশ্রয়ে যেতে না পারায় পানিবন্দী অবস্থায় বিশুদ্ধ পানি, খাবার ও চিকিৎসাসেবার অভাবে দুর্বিষহ দিনাতিপাত করছেন দুর্গত এলাকার অনেক মানুষজন। অনেক মানুষ তাঁদের সর্বস্ব হারিয়ে অসহায় অবস্থায় দিন কাটাচ্ছেন।

এমন দুর্যোগময় সময়ে বন্যাদুর্গত মানুষের পাশে দাঁড়ানো আমাদের নৈতিক, সামাজিক ও মানবিক দায়িত্ব। সেই দায়িত্ববোধ থেকে চট্টগ্রাম কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন বন্যার্ত মানুষের সহায়তায় একটি ত্রাণ তহবিল গঠন এবং ক্ষতিগ্রস্থ এলাকায় ত্রাণ ও আর্থিক সহায়তা কার্যক্রম পরিচালনার নীতিগত সিদ্ধান্ত গ্রহণ করেছে।

**সম্মানিত সদস্যবৃন্দকে নিজ নিজ সামর্থ্য অনুযায়ী এসোসিয়েশনের ত্রাণ তহবিলে দ্রুত আর্থিক অনুদান বা সহায়তা প্রদান করে বন্যাদুর্গত মানুষের প্রতি মানবিক সহযোগিতার হাত প্রসারিত করার জন্য কার্যনির্বাহী পরিষদের পক্ষ থেকে উদাত্ত আহবান জানাচ্ছি। মানবিক সহায়তা কার্যক্রম যথাসময়ে পরিচালনার লক্ষ্যে আগামী ১৯ জুলাই, ২০২৬ খ্রি. এর মধ্যে অনুদান প্রেরণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।**

**মানুষ মানুষের জন্য - আসুন, দুর্দিনে বন্যার্ত মানুষের পাশে দাঁড়াই।**

### :: যেভাবে আর্থিক অনুদান বা সহায়তা প্রদান করবেন ::

- ব্যাংক হিসাবের নাম: Chattogram Customs Agents Association (Relief Fund)
  ব্যাংক হিসাব নং: 2007094470001, Brac Bank PLC, Agrabad Branch
- বিকাশ (পারসোনাল) নম্বর:
  - ০১৭১১৯৩২০৯৪ (জনাব মোঃ সালাউদ্দিন, নির্বাহী সদস্য)
  - ০১৮১৪৪১২৩৯৪ (জনাব বিকাশ শীল, একাউন্টস অফিসার)
- চেক বা নগদ প্রদান:
  - এসোসিয়েশন কার্যালয়, সিএন্ডএফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আগ্রাবাদ, চট্টগ্রাম।
  - মেম্বারস হল, কাস্টম হাউস, চট্টগ্রাম।

**বিঃ দ্রঃ ব্যাংক বা বিকাশের মাধ্যমে আর্থিক অনুদান বা সহায়তা প্রদানের পর ব্যাংক জমা স্লিপ বা বিকাশ নম্বর, অনুদানদাতার নাম, প্রতিষ্ঠানের নাম 01730787311 নম্বরে Whatsapp করার জন্য অনুরোধ করা হলো।**

**মোঃ শওকত আলী**
সাধারণ সম্পাদক